# সাবেক সিইসি হাবিবুল আউয়ালকে হাইকোর্টের জামিন



সাবেক সিইসি হাবিবুল আউয়াল। ছবি: সংগৃহীত

শেরেবাংলা নগর থানায় বিএনপির করা মামলায় সাবেক প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী হাবিবুল আউয়ালকে জামিন দিয়েছেন হাইকোর্ট। গত ৯ সেপ্টেম্বর বিচারপতি মো. আতোয়ার রহমান ও বিচারপতি বিশ্বজিৎ দেবনাথের হাইকোর্ট বেঞ্চ জামিনের বিষয়ে জারি করা রুল মঞ্জুর করে এ আদেশ দেন।

হাবিবুল আউয়ালের পক্ষে আদালতে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী শাহদীন মালিক, এস এম শাহজাহান ও সারা হোসেন। তাদের সঙ্গে ছিলেন আইনজীবী মো. তায়্যিব-উল-ইসলাম সৌরভ। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল ফজলুল করিম মন্ডল।

এর আগে গত ২৮ জুন হাবিবুল আউয়ালের জামিনের বিষয়ে রুল জারি করেছিলেন হাইকোর্ট। শুনানি শেষে ৯ সেপ্টেম্বর সেই রুলের নিষ্পত্তি করে তাকে জামিন দেওয়া হয়।

মামলাটি গত বছরের ২২ জুন শেরেবাংলা নগর থানায় করেন বিএনপির নির্বাহী কমিটির সদস্য সালাহউদ্দিন খান। এতে ২০২৪ সালের জাতীয় সংসদ নির্বাচনের তৎকালীন সিইসি কাজী হাবিবুল আউয়াল, ২০১৮ সালের নির্বাচনের তৎকালীন সিইসি কে এম নূরুল হুদা এবং ২০১৪ সালের নির্বাচনের তৎকালীন সিইসি কাজী রকিবউদ্দীন আহমদসহ মোট ২২ জনকে আসামি করা হয়েছে।

ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) জানায়, এই মামলায় ২০২৫ সালের ২৫ জুন রাজধানীর মগবাজার এলাকা থেকে হাবিবুল আউয়ালকে গ্রেপ্তার করা হয়। পরদিন তাকে আদালতে হাজির করা হলে পুলিশের আবেদনের পরিপ্রেক্ষিতে জিজ্ঞাসাবাদের জন্য তিন দিনের রিমান্ড মঞ্জুর করেন আদালত।

এরপর থেকে তিনি কারাগারে ছিলেন। হাইকোর্টের রুল মঞ্জুরের পর জামিন পেলেন সাবেক এই সিইসি।